দৈনিক জনকণ্ঠ

তারিখ 27 DEC 1993
পৃষ্ঠা ... কলাম ...

29

## মেডিক্যাল কলেজে ভর্তির মৌখিক পরীক্ষা বাতিল করা প্রসঙ্গে

সারাদেশে চিকিৎসা ব্যবস্থার সমস্যা, চিকিৎসা প্রশাসনে ব্যাপক অনিয়ম ও দুর্নীতির খবরাখবর অহরহই পত্র-পত্রিকায় প্রকাশিত হচ্ছে।

এই প্রসঙ্গে গত ২৮-১১-৯৩ তারিখ জনকণ্ঠে প্রকাশিত জনাব নাসির আহমদের লেখা "মেডিক্যাল কলেজে ভর্তি এবং মেধাবী শিক্ষার্থীদের ভবিষ্যত" এবং একই পত্রিকায় গত ৩০-১১-৯৩ তারিখে প্রকাশিত কবিরুল ইসলামের " কেমন শান্তিতে আমরা আছি" শিরোনামে লেখার শেষাংশে ডাক্তার নিয়োগের মৌখিক পরীক্ষার তথ্য উল্লেখযোগ্য।

চাকরিতে নিয়োগের বেলায় কোন কোন ক্ষেত্রে মৌখিক পরীক্ষার প্রয়োজন থাকলেও মেডিক্যাল কলেজে ভর্তির জন্য তা অত্যাবশ্যকীয় বলে কেউ মনে করেন না। সম্পর্কে চ্যালেঞ্জ বা আপিলের কোন সুযোগ না থাকায় বর্তমান বাস্তব অবস্থার প্রেক্ষিতে এতে স্বজনপ্রীতি, অনিয়ম ও দুর্নীতির সম্ভাবনা একেবারেই উড়িয়ে দেয়া যায় না।

এমতাবস্থায়, আসন্ন মেডিক্যাল কলেজে ভর্তির জন্য নির্ধারিত ২০ নম্বরের মৌখিক পরীক্ষা বাতিল করে তৎস্থলে প্রয়োজনবোধে সাধারণ জ্ঞান সমন্বিত প্রশ্নমালার মাধ্যমে লিখিত পরীক্ষার ব্যবস্থা করার জন্য গণতান্ত্রিক সরকার স্বাস্থ্য মন্ত্রণালয় এবং স্বাস্থ্য শিক্ষা অধিদফতরের মনোযোগ আকর্ষণ করছি।

শফিক
মিরপুর, ঢাকা।

INFORMATION AND STATISTICS
BUREAU OF EDUCATIONAL INFORMATION AND STATISTICS
PAGE FROM PARAMETERS
PROGRAM
PROGRAMMER
SYSTEM
DATE